# জায়গা দখলকে কেন্দ্র করে উত্তেজনা, আগ্নেয়াস্ত্র দেখিয়ে হামলার অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** সরকারি জায়গা দখলকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ালো ইংরেজবাজার থানার নিমাসরাই এলাকায়। আগ্নেয়াস্ত্র উঁচিয়ে দুষ্কৃতীরা হামলা চালায় বলে অভিযোগ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, রবিবার রাতে নিমাসরাই এলাকায় স্থানীয় একটি ক্লাবের কয়েকজন যুবকের সঙ্গে এক পরিবারের ব্যাপক গন্ডগোল বাঁধে। আগ্নেয়াস্ত্র উঁচিয়ে মারার হুমকি দেওয়া হয় পরিবারের সদস্যদের। এরপরই উত্তেজনা ছড়িয়ে পড়ে। ওইদিন রাতের ঘটনার পর আক্রান্তের ভানু মহালদারের পরিবার ইংরেজবাজার থানায় গিয়ে লিখিত অভিযোগ দায়ের করেন। সোমবার সকালে পুলিশ তদন্তে এসে স্থানীয় এই ক্লাবটি থেকে একটি পাইপগান, একটি ধারালো অস্ত্র উদ্ধার করে নিয়ে যায়। এই ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার



করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিমাসরাই এলাকার বাসিন্দা পেশার ব্যবসায়ী ভানু মহালদার ও তার পরিবারের লোকেরা এলাকার একটি সরকারি জমিজবর দখলের প্রতিবাদ করেছিলেন। স্থানীয় একটি ক্লাবের কয়েকজন সদস্য ওই সরকারি জমিটি বেআইনিভাবে দখল করেছিল বলে অভিযোগ। আর এই প্রতিবাদের জন্যই এদিন রাতে ভানু মহালদারের পরিবারের ওপর চড়াও হয় দুষ্কৃতীরা।

আক্রান্ত ভানু মহালদার পুলিশকে অভিযোগে জানিয়েছেন, আমার বাড়ির পাশে রয়েছে মহানন্দা নদী। আর সেই মহানন্দা নদীর পাশেই সরকারি খাস জায়গা দখল করছিল স্থানীয় একটি ক্লাবের কয়েকজন যুবক। এই অন্যায়ের প্রতিবাদ করাতে এদিন রাতেই আগ্নেয়াস্ত্র নিয়ে হামলাকারীরা, আমার বাড়িতে হামলা চালায় এবং আমাকে মারধর করা হয়। যদি ওই ক্লাবের এক সদস্য কমল সাহা জানিয়েছেন, এই ঘটনায় ক্লাবের কেউ জড়িত নয়। ব্যক্তিগত কোনও পুরনো বিষয় নিয়ে গোলমাল বেঁধে থাকতে পারে। ইংরেজবাজার থানার পুলিশ জানিয়েছে, এই হামলার ঘটনার পরিপ্রেক্ষিতে বাবু শেখ নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের খোঁজ চালানো হচ্ছে।

# পরীক্ষা দিতে যাওয়ার পথে দুর্ঘটনা, হাসপাতাল থেকে পরীক্ষা দিল ২ ছাত্রী

**নিজস্ব প্রতিবেদন, অশোকনগর:** পরীক্ষা কেন্দ্রে যাওয়ার সময় বাইকের সঙ্গে বাইকের দুর্ঘটনা। আহত দুই মাধ্যমিক পরীক্ষার্থী ছাত্রী ও বাইক চালক। আহত তিনজনকে নিয়ে যাওয়া হয় অশোকনগর সব্দালপুর গ্রামীণ হাসপাতালে। বাইক চালকের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে বারাসাত হাসপাতালে পাঠানো হয়। আহত দুই পরীক্ষার্থীর চিকিৎসা হয় গ্রামীণ হাসপাতালে এবং পরবর্তীতে পুলিশ এবং স্থানীয় তৃণমূল নেতৃত্বের চেষ্টায় হাসপাতালে পরীক্ষার ব্যবস্থা করা হয়। জঙ্গলপুর কাঠমিল এলাকায় বাইকের সঙ্গে বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। স্থানীয় লোকজন আহত তিনজনকে উদ্ধার করে সব্দালপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। দুই ছাত্রীর বাড়ি অশোকনগর দাতারী মণ্ডল হাট এলাকায়। গুমা নজরুল বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা রাজিবপুর স্কুলে পরীক্ষা দিতে যাচ্ছিল। ঘটনাস্থলে অশোকনগর থানার ভারপ্রাপ্ত আধিকারিক এর নেতৃত্বে রয়েছে পুলিশ বাহিনী থেকে পরীক্ষা সম্পন্ন করেন। আপাতত স্থিতিশীল রয়েছে দুই ছাত্রী।


## ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড

CIN: L45201WB1996PLC077451

**রেজিস্টার্ড অফিস:** ৪০৯, স্বায়িকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা (প.ব.)৭০০০০১, ফোন: ০৩৩-২২৩৪৩৬৭৩
**ওয়েবসাইট :** www.dynamicarchistructures.com, **ইমেল:** info@dynamicarchistructures.com

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল**

(ইপিএস ছাড়া টাকার অঙ্ক কোটিতে)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত/চলতি বর্ষ সমাপ্ত | বর্ষ থেকে তারিখ অর্থাঙ্ক/পূর্ববর্তী বর্ষ সমাপ্ত | অনুরূপ ৩ মাস সমাপ্ত পূর্ববর্তী বর্ষের |
|---|---|---|---|---|
| | | ৩১.১২.২০২৪ | ৩১.১২.২০২৪ | ৩১.১২.২০২৩ |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১.১৪ | ৭.২৬ | ২.৬৩ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পূর্বে #) | ০.৫৯ | ৬.২৫ | ২.৪১ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) করপূর্ব (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ০.৫৯ | ৬.২৫ | ২.৪১ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফার পরে #) | ০.৫০ | ৫.৪২ | ২.২৩ |
| ৫ | সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় [সময়কালের জন্য লাভ/(ক্ষতি) সমন্বিত (কর পরবর্তী)এবং অন্যান্য আনুপুঙ্খিক আয়(করের পরে)] | ০.৫০ | ৫.৪২ | ২.২৩ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৫.০১ | ৫.০১ | ৫.০১ |
| ৭ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং অচলতি কার্যাদির জন্য) | | | |
| | ১. মৌলিক : | ১.০০ | ১০.৮২ | ৪.৪৪ |
| | ২. মিশ্রিত : | ১.০০ | ১০.৮২ | ৪.৪৪ |

দ্রষ্টব্য :
ক উপরের ফর্ম্যাটটি স্টক এক্সচেঞ্জে জমাকৃত বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের নির্যাস যা সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.dynamicarchistructures.com -এ পাওয়া যাবে। নীচে প্রদত্ত কিউআর কোডটি স্ক্যান করে এটি অ্যাক্সেস করা যেতে পারে।
খ #- ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা ইন্ড এএস রুলস অনুযায়ী লাভ এবং ক্ষতির বিবরণে সামঞ্জস্য করা হয়েছে।

**ডায়নামিক অর্কিস্ট্রাকচারস লিমিটেড**-এর পক্ষে
স্বা/-
**দানমাল পোরওয়াল**
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডিরেক্টর
(DIN- 00581351)

স্থান: কলকাতা
তারিখ: ১০.০২.২০২৫


# আরামবাগে মাধ্যমিক পরীক্ষার্থীদের মনোবল বাড়াতে খোদ প্রশাসনিক কর্তা রাস্তায়

**মহেশ্বর চক্রবর্তী ● আরামবাগ**

সোমবার ১০ ফেব্রুয়ারি থেকে শুরু হল ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা। এ বছরও পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রীর সংখ্যা বেশি। সারা রাজ্যের মতো আরামবাগ মহকুমাতেও এবার ছাত্রী পরীক্ষার্থীর সংখ্যা বিশেষ নজর কাড়ছে। ছাত্রদের টেক্কা দিয়ে এবারও পরীক্ষা কামাল করতে চলেছে রাজ্যের কন্যাশ্রী'রা। এদিন প্রথম ভাষার পরীক্ষা হয়। এক প্রকার নির্বিঘ্নেই প্রথম দিনের পরীক্ষা শেষ হল আরামবাগ মহকুমায়। শিক্ষাদপ্তর সূত্রে জানা গেছে, আরামবাগ মহকুমায় ১৩,৩৮১ জন পরীক্ষার্থী এবারে পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে রেগুলার ছাত্রের সংখ্যা ৫,৭০৪ জন এবং ছাত্রীর সংখ্যা ৭,৩০৯ জন। রয়েছে সিসি ছাত্র ৩৪ এবং সিসি ছাত্রী ৩২৭ জন। এবছর মেন ভেন্যু হয়েছে ১২ টা এবং সাব ভেন্যু হয়েছে ২১টা। এবছর আরামবাগ মহকুমায় ছাত্রীর সংখ্যা ১৬০০ জন বেশি। তবে, গত বছরের তুলনায় এবছর মাধ্যমিক পরীক্ষার্থীর গ্রাফ উর্ধমুখী হওয়ায় খুশি শিক্ষকমহল। পরীক্ষার শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রশাসন যাবতীয় বিষয়ের উপর তীক্ষ্ণ নজর রাখে। এবছর পরীক্ষা শুরু হয় ১১ টা থেকে। ১০৪৫ এ প্রশ্নপত্র দেওয়া হয়, ১৫মিনিট প্রশ্ন পড়ার জন্য, কিন্তু লেখা শুরু হয় এগারোটা থেকে। ১০৫৫ তে খাতা পায়। কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে শুরু হয় মাধ্যমিক পরীক্ষা। প্রশাসনের তরফে পরীক্ষা সুষ্ঠুভাবে করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হয়। পরীক্ষা কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা ছিল। অ্যাম্বুল্যান্স ও গাড়ির ব্যবস্থা ছিল। অপ্রীতিকর ঘটনা রুখতে পরীক্ষাকেন্দ্রগুলোর বাইরে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করে পুলিশ। আরামবাগের এসডিপিও সুপ্রভাত চক্রবর্তী বলেন, ওরা তো এখনও ছোট। তার ওপরে প্রথম বাইরের পরীক্ষা ও জীবনের প্রথম বড় পরীক্ষা। তাই ওরা যাতে মন দিয়ে পরীক্ষাটা দেয় তার জন্য আমরা সকলেই ঐক্যবদ্ধভাবে বেরিয়েছিলাম।




## বার্নপুর সিমেন্ট লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৭/১ আনন্দীলাল পোদ্দার সরণি (রাসেল স্ট্রিট), ৫ম ফ্লোর, ফ্ল্যাট নং : ৫বি, কাঞ্চনা বিল্ডিং, কলকাতা-৭০০০৭১। ফোন : ০৩৩-৪০০৩ ০২১২, ই-মেল: cs@burnpurcement.com,
ওয়েবসাইট: www.burnpurcement.com, CIN No.: L27104WB1986PLC040831

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস**

(লক্ষ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত) | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত) | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|
| কার্যাদি থেকে মোট আয় (নিট) | | | ৪,০৭৪.৩৯ | | ১৩৩৮৬.০১ | ১৩৪৩৬.৬২ |
| সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | (১৭৩৮.৬৯) | (১৬৬৫.২৯) | (৪৫১৫.৬৭) | (৫০১৭.০৫) | (৮২৫৯.৩০) | (১০১১৫.৬৭) |
| করপূর্ব সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১৭৩৮.৬৯) | (১৬৬৫.২৯) | (৪,৫১৫.৬৮) | (৫,০১৭.০৫) | (৮,২৫৯.৩০) | (১০,১১৫.৬৭) |
| কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | (১,৭৩৮.৬৯) | (১,৬৬৫.২৯) | (৪,৫১৫.৬৮) | (৫,০১২.৬৪) | (৮,২৬৬.০৬) | (৯,৯১১.২২) |
| সময়কাল [সময়কালের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত]-এর জন্য মোট ব্যাপক আয় | (১,৭৩৮.৬৯) | (১,৬৬৫.২৯) | (৪,৫১৫.৬৮) | (৫,০১২.৬৪) | (৮,২৬৬.০৬) | (৯,৯১১.২২) |
| ইক্যুইটি শেয়ার মূলধন (১০/- টাকা মূল্যের) | ১,৭২২.৪৯ | ৮,৬১২.৪৪ | ৮,৬১২.৪৪ | ১,৭২২.৪৯ | ৮,৬১২.৪৪ | ৮,৬১২.৪৪ |
| মজুত (পুনর্মুল্যায়িত মজুত ব্যতীত) | - | - | - | - | - | (৫৪,২৭২.৫৪) |
| শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) (চলতি এবং অচলতি কার্যক্রমের জন্য) | | | | | | |
| মৌলিক : | (১০.০৯) | (১.৯৩) | (৫.২৪) | (২৯.১০) | (৯.৬০) | (১১.৫১) |
| মিশ্রিত : | (১০.০৯) | (১.৯৩) | (৫.২৪) | (২৯.১০) | (৯.৬০) | (১১.৫১) |

**দ্রষ্টব্য**
১. উপরিউক্ত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা পুনরীক্ষিত এবং পরিচালন পর্ষদের ১০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের সভায় অনুমোদিত।
২. চলতি সময়কালের শ্রেণিভুক্তিকরণকে নিশ্চিত করতে যেখানে প্রয়োজন সেখানেই বিগত সময়কালের রাশিসমূহ পুনর্দলভুক্ত/পুনর্সজ্জিত করা হয়েছে।
৩. উপরোক্তটি সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ। স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটসমূহ বিএসই (www.bseindia.com) এবং এনএসই **(www.nseindia.com)** -তে ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে। কোম্পানির ওয়েবসাইট **(www.burnpurcement.com)** -তেও একই ফলাফল পাওয়া যাবে।

বোর্ডের আদেশক্রমে
**বার্নপুর সিমেন্ট লিমিটেড** -এর পক্ষে
স্বা/-
**ইন্দ্রজিৎ কুমার তিওয়ারি**
হোলটাইম ডিরেক্টর
DIN: 06526392

স্থান: কলকাতা
তারিখ: ১০ ফেব্রুয়ারি, ২০২৫


# অ্যাডমিট না পাওয়ায় পরীক্ষা দিতে পারল না বনগাঁর ৩ পরীক্ষার্থী

**নিজস্ব প্রতিবেদন, বনগাঁ:** অ্যাডমিট না আসার কারণে পরীক্ষা দিতে পারল না বনগাঁর তিন মাধ্যমিক পরীক্ষার্থী। স্কুলের শিক্ষকদের গাফিলতির অভিযোগ ছাত্র ও অভিভাবকদের। উত্তর ২৪ পরগনার বাগদা ব্লকের রানিহাটি উচ্চ বিদ্যালয়ের দুই ছাত্র শুভজিৎ খাঁ, দীপ মণ্ডল এবং নিউ বনগাঁ গার্লস স্কুলের এক ছাত্রী সঞ্চিতা বিশ্বাস অ্যাডমিট কার্ড না আসার কারণে এবারের মাধ্যমিক পরীক্ষায় বসতে পারল না। স্কুলের শিক্ষকদের গাফিলতির জন্যই তাদের একটা বছর ক্ষতি হয়ে গেল বলে অভিযোগ তোলে ছাত্ররা। এই বছরের মাধ্যমিক পরীক্ষার জন্য অ্যাডমিট কার্ড আসার পরে গত

### স্কুলের অসহযোগিতার অভিযোগ তুলল পড়ুয়ারা

শুক্রবার স্কুলের তরফ থেকে এই দুই ছাত্রের পরিবারের কাছে ফোন করা হয়েছিল। অভিভাবকদের স্কুলে গিয়ে দেখা করার জন্য বলা হয়েছিল। অভিভাবকরা না যেতে পারলেও ছাত্ররা স্কুলে গিয়ে দেখা করে। তাদেরকে স্কুলের তরফ থেকে ১৬ হাজার টাকা করে দেওয়ার জন্য বলা হয়েছিল। পরবর্তীতে তাদের আধার কার্ড ও জন্মের শংসাপত্র নিয়ে দেখা করার জন্য বলা হয়। কিন্তু শনিবার অভিভাবকরা স্কুলে গেলেও তাদের অ্যাডমিট কার্ডের কোনও ব্যবস্থা হয়নি এবং স্কুলের তরফ থেকে এবছর আর পরীক্ষা দিতে পারবে না বল জানিয়ে দেওয়া হয় তাদের। আরো একটা বছর প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয় তাদের। ছাত্রদের অভিযোগ তারা টেস্ট পরীক্ষায় পাশ করার পরে অ্যাডমিনদের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দিয়েছিল। কি কারণে অ্যাডমিট এল না তারা জানে না। যদিও নিউ বনগাঁ গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা সোমা সরকার বলেন স্কুল এবং বোর্ডের গাফিলতির কারণে একটি মেয়ে পরীক্ষা দিতে পারল না। অন্য দুটি মেয়ে পরীক্ষা দিতে পারলেও একটি মেয়ে পরীক্ষা দিতে পারেনি এটা মধ্যশিক্ষা পর্ষদের অসহযোগিতার জন্য হয়েছে বলে দাবি করেছেন তিনি। অন্যদিকে অভিযোগ অস্বীকার করেছেন রানিহাটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক। তার দাবি, শিক্ষকদের গাফিলতির কথাটা স্বীকার করতে পারছি না। কারণ আমরা অ্যাডমিট না আসার পরেই দপ্তরে যোগাযোগ করেছিলাম।

# পরীক্ষার্থীদের নিরাপত্তায় মেদিনীপুর ও ঝাড়গ্রাম প্রশাসন

**নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম:** মাধ্যমিক পরীক্ষাকে কেন্দ্র করে পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসনিকস্তরে প্রস্তুতি ছিল তুঙ্গে। এবার জেলায় মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ৫২ হাজার ৮৯২ জন। তার মধ্যে ছাত্রের সংখ্যা ২৪ হাজার ৬৬৭ ও ছাত্রীর সংখ্যা ২৮ হাজার ২১৬। ছাত্রের চেয়ে ছাত্রীর সংখ্যা বেশি। জেলায় মোট ১২২টি পরীক্ষা কেন্দ্র রয়েছে। তার মধ্যে মেইন ভেন্যু ৭৩টি ও অ্যাডিশনাল ভেন্যু ৪৯টি। গত বছরের তুলনায় প্রায় ১ হাজার ৬০০ জন পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। পরীক্ষার্থীদের সুবিধার্থে জেলায় কন্ট্রোল রুম খোলা হয়েছে। পাশাপাশি মাধ্যমিক পরীক্ষার জন্য শহর এলাকার পাশাপাশি গ্রামীণ এলাকাতেও মাইক, লাউড স্পিকার জাতীয় ইন্সট্রুমেন্ট বাজানো এবং শব্দ বাজির ব্যবহার একেবারে নিষিদ্ধ করা হয়েছে। সরকারি নিয়ম অমান্য করলে আইন অনুসারে ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। পরীক্ষার্থীদের যাতায়াতের ক্ষেত্রে পরিবহণ সংগঠনগুলি বাস ভাড়া মুকুব করেছে। জেলার জঙ্গলগুলিতে শতাধিক হাতি থাকায় বনাঞ্চলের বিভিন্ন এলাকায় বন কর্মীদের নিয়োগ করা হয়েছে। পরীক্ষার প্রথম দিন হাতি তাড়ানোর গাড়ি ঐরাবত দিয়ে এসকর্ট করে ছাত্র ছাত্রীদের জঙ্গলের রাস্তা পারাপারের ব্যবস্থা করা হয়েছে। জেলা প্রশাসনের নির্দেশ মতো বনদপ্তরের পক্ষ থেকে ঝাড়গ্রাম জেলার বিভিন্ন জঙ্গল এলাকার রাস্তাগুলিতেও নজরদারির চালানোর ব্যবস্থা করা হয়েছে। ঝাড়গ্রামে এবছর মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে ১৩,৬৫০ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ছাত্র ৬,৪০৪ এবং ছাত্রী ৭,২৪৬ জন। মোট পরীক্ষাকেন্দ্র ৩৯। সোমবার সকালে বেলপাহাড়ি এলাকায় নতুন করে বাঘের পায়ের ছাপ মেলায় এবং জেলার বিভিন্ন জঙ্গলে হাতি অবস্থান করায় ওইসব এলাকায় ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার জন্য বিশেষ নজরদারি চালাচ্ছে বনদপ্তর ও পুলিশ প্রশাসন। বেলপাহাড়িতে নতুন করে ট্র্যাপ ক্যামেরা লাগানো হয়েছে। বনদপ্তর বিভিন্ন জায়গায় চেকপোস্ট তৈরি করে আতঙ্কিত এলাকায় মাইকিং করছে। কোনও পরীক্ষার্থী হাতির হামলার ভয়ে পরীক্ষাকেন্দ্রে যেতে সমস্যায় পড়লে বন দপ্তর তাকে গাড়িতে করে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দেওয়ার ব্যবস্থা নিয়েছে। জঙ্গলমহলের রাস্তায় রাখা হয়েছে হাতি তাড়ানোর ঐরাবত গাড়ি। প্রতিটি পরীক্ষাকেন্দ্রেই নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।




## লাডলো জুট অ্যান্ড স্পেশালিটিজ লিমিটেড

**রেজিস্টার্ড অফিস:** কাঙ্কারিয়া এস্তা, ৫ম ফ্লোর, ৬, লিটল রাসেল স্ট্রিট, কলকাতা-৭০০০৭১,
**দূরভাষ নং.** ৪০৫০-৬৩০০, **ইমেল:** info@ludlowjute.com, **ওয়েবসাইট:** www.ludlowjute.com
**কর্পোরেট আইডেনটিটি নাম্বার (CIN) L65993WB1979PLC032394**

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণ**

₹ প্রতি শেয়ার ডেটা ব্যতীত টাকার অঙ্ক লাখে

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩০.০৯.২০২৪ (অনিরীক্ষিত) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত) | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ (অনিরীক্ষিত) | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৩ (অনিরীক্ষিত) | বর্ষ সমাপ্ত ৩১.০৩.২০২৪ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | কার্যাদি থেকে মোট আয় | ৫২৪৫ | ৭৯৩১ | ৯৯৯৬ | ২০৬৪৪ | ৩৪৮৫১ | ৪৭৬১৮ |
| ২. | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ববর্তী) | (৩৫৫) | (৪৬২) | (৩৩৫) | (১৭৫২) | (৯৫০) | (১৭৮৬) |
| ৩. | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমীএবং/বা বিশেষ দফা পরবর্তী) | (৩৫৫) | (৪৬২) | (৩৩৫) | (১৭৫২) | (৯৫০) | (১৭৮৬) |
| ৪. | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমীএবং/বা বিশেষ দফা পরবর্তী) | (২৬০) | (৩৫১) | (২৫১) | (১৩০৯) | (৭১১) | (১২৫৪) |
| ৫. | সময়কালের জন্য মোট ব্যাপক আয় (কর পরবর্তী কর এবং অন্যান্য ব্যাপক আয় পরবর্তী সময়ের জন্য লাভ/(ক্ষতি) অন্তর্গত) | (২৫১) | (৩০৭) | (১৯৩) | (১১৯৬) | (৫৩৭) | (১০৩৪) |
| ৬. | ইকুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ₹ ১০/- প্রতিটি) | ১০৮০ | ১০৮০ | ১০৮০ | ১০৮০ | ১০৮০ | ১০৮০ |
| ৭. | মজুত (পুনর্মূল্যায়িত মজুত, বিগত বর্ষের নিরীক্ষিত উদ্বর্তপত্রে উল্লিখিত মতো) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১৫৪৩৫ |
| ৮. | শেয়ার প্রতি আয় (ফেসভ্যালু ₹ ১০/-প্রতিটি) (বার্ষিকীকৃত নয়) | | | | | | |
| | (ক) মূল | (২.৪১) | (৩.২৫) | (২.৩২) | (১২.১৫) | (৬.৬০) | (১১.৬১) |
| | (খ) মিশ্রিত | (২.৪১) | (৩.২৫) | (২.৩২) | (১২.১৫) | (৬.৬০) | (১১.৬১) |

দ্রষ্টব্য :
১. ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে কোম্পানির সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা পুনরিক্ষীত এবং কোম্পানির পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত, ১০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের স্ব স্ব সভায় এবং এটির সীমায়িত পুনরীক্ষণ, বিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা সম্পাদিত।
২. উপরেরটি ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারসংক্ষেপ, যা বিএসই লিমিটেডে ফাইল করা হয়েছে, রেগুলেশন ৩৩ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস্, ২০১৫-র অন্যান্য প্রযোজ্য বন্দোবস্তাদির অধীনে। আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.ludlowjute.com) এ পাওয়া যাবে।
৩. বিগত সময়কালের রাশিসমূহ, যেখানে প্রয়োজন সেখানেই পুনর্শ্রেণিভুক্ত করা হয়েছে।

**পর্ষদের আদেশানুসারে**
**সঞ্জয় কুমার আগরওয়াল**
**ডিরেক্টর**
**DIN-00320459**

স্থান : কলকাতা
তারিখ : ১০.০২.২০২৫



## নিক্কো পার্কস অ্যান্ড রিসর্টস লিমিটেড

CIN: L92419WB1989PLC046487
**রেজিস্টার্ড অফিস :** ''ঝিল মিল'' সেক্টর-৪, সল্টলেক সিটি, কলকাতা- ৭০০ ১০৬
ই-মেল : niccopark@niccoparks.com, ওয়েবসাইট : www.niccoparks.com

**৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত তিনমাস এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের খসড়া বিবৃতি**

(লক্ষ টাকায়)

| | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | কনসোলিডেটেড | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | তিন মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ | তিন মাস সমাপ্ত ৩১.১২.২০২৩ | তিন মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ | নয় মাস সমাপ্ত ৩১.১২.২০২৪ | তিন মাস সমাপ্ত ৩১.১২.২০২৩ |
| | (উল্লেখ্য নীচের দ্রষ্টব্য) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) | (অনিরীক্ষিত) |
| ১. | কার্যাদি থেকে মোট আয় (নিট) | ১৮৯০.৮২ | ৫৭৪২.৫৩ | ১৭৫৫.৭৯ | ১৮৯০.৮২ | ৫৭৪২.৫৩ | ১৭৫৫.৭৯ |
| ২. | নিট লাভ(+)/ক্ষতি(-) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | ৫২১.৭৪ | ১৯১৯.৩৩ | ৪৮০.৭৩ | ৬৩৭.৮৮ | ২৩০৩.২৩ | ৫৮৩.৫১ |
| ৩. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৫২১.৭৪ | ১৯১৯.৩৩ | ৪৮০.৭৩ | ৬৩৭.৮৮ | ২৩০৩.২৩ | ৫৮৩.৫১ |
| ৪. | নিট লাভ(+)/ক্ষতি(-) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৩৮২.৭৬ | ১৪৩২.১১ | ৩৪১.৩৬ | ৪৮৫.৫৪ | ১৯০৭.৫৪ | ৪২০.৬২ |
| ৫. | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)] | ৩৭০.১৫ | ১৩৮২.৮২ | ৩০০.৭৭ | ৩৯২.১৯ | ১৭৯৩.০৪ | ৪৬৩.২০ |
| ৬. | ইকুইটি শেয়ার মূলধন(ফেসভ্যালু ১ টাকা প্রতি শেয়ার) | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ | ৪৬৮.০০ |
| ৭. | অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) পূর্ব বর্ষের নিরীক্ষিত উদ্বর্তপত্রে প্রদর্শিতমতো | ৬৮৩৭.৫৫ ৩১.০৩.২০২৪ তারিখে | ৬৮৩৭.৫৫ ৩১.০৩.২০২৪ তারিখে | ৫৫৭৮.৭৩ ৩১.০৩.২০২৩ তারিখে | ৮৮৮৮.১৬ ৩১.০৩.২০২৪ তারিখে | ৮৮৮৮.১৬ ৩১.০৩.২০২৪ তারিখে | ৭০৪৫.৩২ ৩১.০৩.২০২৩ তারিখে |
| ৮. | শেয়ার প্রতি আয় সময়কালের জন্য (ফেস ভ্যালু ১/- টাকা প্রতিটি) - মূল এবং মিশ্রিত (বার্ষিকীকৃত নয়) | ০.৮২ | ৩.০৬ | ০.৭৩ | ১.০৪ | ৪.০৮ | ০.৯০ |

**দ্রষ্টব্য :**
১. উপরোক্তটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফরম্যাটের নির্যাস। ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জেস ওয়েবসাইট (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.niccoparks.com) -তে।
২. ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য উপরোক্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি কর্তৃক পর্যালোচিত হয়েছে এবং তারপর পরিচালন পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ১০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় নথিভুক্ত হয়েছে। বিধিবদ্ধ নিরীক্ষকেরা ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য উপরোক্ত আর্থিক ফলাফলের একটি সীমিত পর্যালোচনাও করেছেন।
৩. ক) পার্কের এফ অ্যান্ড বি এবং অন্যান্য আমোদ প্রমোদজনক কার্যাবলী বদলি মরশুমের উপর নির্ভরশীল
খ) রাইডসের মন্ত্রণা, চুক্তি ও অংশাদি বিক্রি ও পরিবর্তন সাপেক্ষ যা চুক্তি সংখ্যার উপর নির্ভরশীল।
৪. অর্থবছর ২০২৪-২৫ এর জন্য একটি অন্তর্বর্তীকালীন লভ্যাংশ @ ২৫% (২৫ পয়সা শেয়ার প্রতি) পরিচালন পর্ষদ তার পূর্বোক্ত সভায় অনুমোদন করেছে। এই অতিরিক্ত অন্তর্বর্তী লভ্যাংশ @ ৩৫% (পঁয়ত্রিশ পয়সা শেয়ার প্রতি) এবং ২০% (কুড়ি পয়সা শেয়ার প্রতি) ইতিমধ্যে ৯ অগস্ট, ২০২৪ এবং ১৪ নভেম্বর, ২০২৪ তারিখে অনুমোদিত এবং এর পরে ২০২৪-২০২৫ এর সাথে সম্পর্কিত অর্থ প্রদান করা হয়েছে।
৫. ২৩.০২.১৯৯০ তারিখের জয়েন্ট সেক্টর এগ্রিমেন্ট (''জেএসএ'') অনুসারে দ্য ন্যাশনাল ইনসুলেটেড কেবল কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড (বর্তমানে নিক্কো কর্পোরেশন লিমিটেড নামে পরিচিত - এনসিএল লিকুইডেশনের অধীনে), ওয়েস্ট বেঙ্গল ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিটিডিসি) এবং ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (ডব্লিউবিআইডিসি) এর মধ্যে সম্পাদিত হয়েছিল, কোম্পানির জমি যেটিতে অ্যামিউজমেন্ট পার্ক এবং এফএন্ডবি এবং অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কোম্পানিকে ৩৩ বছরের জন্য উপলব্ধ করা হয়েছে আরও দুটি মেয়াদের জন্য পুনর্নবীকরণ ধারা শর্ত সহ। এনসিএল-এর বিরুদ্ধে লিকুইডেশন প্রক্রিয়ার ভিত্তিতে, তাদের হাতে থাকা কোম্পানির শেয়ার হস্তান্তর করা হয়েছে এবং এর ফলে, এতে উল্লেখিত জেএসএ অকার্যকর এবং নিষ্ক্রিয় হয়ে পড়েছে। অধিকন্তু, পশ্চিমবঙ্গ রাজ্যের গভর্নর এবং কোম্পানির মধ্যে ৫.০৭.১৯৯১ তারিখের চুক্তির মাধ্যমে ৩৩ বছরের ইজারার প্রথম মেয়াদ ২৮.০২.২০২৩ -এ শেষ হয়েছে যা সেই তারিখ থেকে পুনর্নবীকরণের জন্য রয়েছে। তদনুসারে, যথাসময়ে এর ধারাবাহিকতা নিশ্চিত করার জন্য উপরোক্ত চুক্তিগুলিকে আনুষ্ঠানিক করার পদক্ষেপ নেওয়া হয়েছে। ইজারা চুক্তি পুনর্নবীকরণের জন্য প্রয়োজনীয় আবেদন পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের সাথে ১১.১০.২০২২ তারিখের চিঠির মাধ্যমে করা হয়েছে, যা এই তারিখ পর্যন্ত কার্যকর করার জন্য মুলতুবি রয়েছে। ব্যবস্থাপনার দ্বারা বলা হয়েছে, এটি সক্রিয় বিবেচনাধীন রয়েছে এবং এর মেয়াদ বাড়ানো হবে বলে আশা করা হচ্ছে। উপরে গৃহীত পদক্ষেপগুলির মুলতুবি ফলাফল, অপারেশন এবং সম্পর্কিত ব্যবস্থাগুলিকে চলমান হিসাবে বিবেচনা করা হয়েছে এবং উদ্বেগের ভিত্তিতে স্বতন্ত্র আর্থিক বিবৃতি তৈরি করা অব্যাহত রয়েছে।
৬. পূর্ববর্তী সময়ের সংখ্যাগুলিকে পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে।

**বোর্ড অফ ডিরেক্টরসের পক্ষে**
**স্বা/-**
**রাজেশ রায়সিংহানী**
**ম্যানেজিং ডিরেক্টর অ্যান্ড সিইও**
**(DIN : 07137479)**

স্থান: কলকাতা
তারিখ: ১০.০২.২০২৫